

## বিএসএমএমইউতে নিউরোস্পাইন বিষয়ক বৈজ্ঞানিক সেমিনার অনুষ্ঠিত

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ডি ব্লকের আইএনএম অডিটোরিয়ামে গত ৯ জানুয়ারি ২০১৭ইং তারিখ, সকাল ১০টায় নিউরোস্পাইন সোসাইটি অফ বাংলাদেশ-এর উদ্যোগে সোসাইটির প্রথম জাতীয় সম্মেলন ও বৈজ্ঞানিক অধিবেশন অনুষ্ঠিত হয়। দু' দিনব্যাপী বৈজ্ঞানিক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এএসএম জাকারিয়া স্বপন, সার্জারি অনুষদের ডীন অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া, স্বাধীনতা চিকিৎসক পরিষদ (স্বাচিপ)-এর মহাসচিব অধ্যাপক ডা. এম এ আজিজ, ভারতের স্পাইনাল সার্জিস এ্যাসোসিয়েশনের সভাপতি অধ্যাপক পি এস রামানী (Prof. P. S. Ramani), সভাপতিত্ব করেন নিউরোস্পাইন সোসাইটি অফ বাংলাদেশ-এর সভাপতি অধ্যাপক ডা. আবুল খায়ের। স্বাগত বক্তব্য রাখেন সোসাইটির জেনারেল সেক্রেটারি ও বিএসএমএমইউ'র সহযোগী অধ্যাপক ডা. মোহাম্মদ হোসেন। ধন্যবাদ জ্ঞাপন করেন সোসাইটির সিনিয়র সহ-সভাপতি অধ্যাপক ডা. এহসান মাহমুদ। সঞ্চালনা করেন বিএসএমএমইউ'র সহকারী অধ্যাপক ডা. কে এম তারিকুল ইসলাম ও সহকারী অধ্যাপক ডা. মোঃ আব্দুল্লাহ আলমগীর।

## রাত ৯টা পর্যন্ত মাননীয় উপাচার্য-এর হাসপাতাল রাউন্ড

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান গত ৮ জানুয়ারি ২০১৭ইং তারিখ, রবিবার, রাতে অত্র বিশ্ববিদ্যালয়ের সি ব্লক, ডি ব্লক এবং কেবিন ব্লকে সন্ধ্যা ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত রাউন্ড দেন। এসময় তিনি চিকিৎসাসেবার খোঁজ-খবর নেন এবং চিকিৎসাসেবা কার্যক্রম স্বাভাবিক থাকায় সন্তোষ প্রকাশ করেন। এ সময় অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, পরিচালক (হাসপাতাল) বিগ্নেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, উপ-রেজিস্ট্রার ডা. শেখ আব্দুল্লাহ আল মামুন, নার্সিং সুপারিনটেনডেন্ট সান্তানা রানী দাস প্রমুখ উপস্থিত ছিলেন।